গণতন্ত্রের বিজয় দিবস উপলক্ষে মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের পুষ্পমাল্য অর্পন

গণতন্ত্রের বিজয় দিবস পালন উপলক্ষে মুজিবনগর কমপ্লেক্স বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করেছেন মুজিবনগর উপজেলা আওয়ামীলীগ।

মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলুর নেতৃত্বে বুধবার সকাল সাড়ে নয়টার দিকে পুষ্পমাল্য অর্পন করা হয়।

এ সময় জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন,মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ,
বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মজিবুর রহমান মধু,সাধারন সম্পাদক নজরুল ইসলাম,দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মুস্তাকিম হক খোকন,

মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম অপা,উপজেলা যু্বলীগের সভাপতি কামরুল হাসান চাদু,উপজেলা কৃষকলীগের সভাপতি নজরুল ইসলাম,উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দীন লাভলু, উপজেলা স্বেচ্ছাসেবকলীগের সহসভাপতি মতিয়ার রহমান মতিনসহ আওয়ামীলীগ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে গণতন্ত্রের বিজয় দিবস পালন

বাংলাদেশ আওয়ামী লীগ মেহেরপুর জেলা শাখার উদ্যোগে মেহেরপুরে গণতন্ত্রের বিজয় দিবস পালন।

বুধবার সকালে মেহেরপুর শিল্পকলা একাডেমীর হলরুমে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি এর সভাপতিত্ব এই অনুষ্টান অনুষ্টিত হয়।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক

এসময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন,জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন,বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহাজামান চৌধুরি, কুতুবপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও জেলা আওয়ামী লীগের সদস্য ইদ্রিস আলী মাষ্টার, আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দীন চুন্নু,

আমদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনারুল ইসলাম, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সদস্য শামীম আরা হীরা, স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক আরিফুল এনাম বকুল, যুগ্ম আহ্বায়ক মতিয়ার রহমান মতিন, সদর উপজেলা যুবলীগের সভাপতি আনোয়ার হোসেন আনু সহ আওয়ামীলীগের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

গাংনী পৌর নির্বাচনে প্রার্থীদের মাঝে প্রতিক বরাদ্দ

গাংনী পৌরসভা নির্বাচনে প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ দেওয়া হয়েছে। আওয়ামীলীগ থেকে নৌকা প্রতীক পেয়েছেন আহম্মেদ আলী, বিএনপি থেকে ধানের শীষ প্রতীক পেয়েছেন আসাদুজ্জামান বাবলু, ইসলামী আন্দোলন বাংলাদেশ থেকে হাত পাখা প্রতীক পেয়েছেন আবু হুরাইরা এবং সতন্ত্র প্রার্থী আশরাফুল ইসলাম পেয়েছেন জগ প্রতীক।

বুধবার ৩০ ডিসেম্বর সকাল ১০ টা থেকে দুপুর ২টা পর্যন্ত প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ দেন রিটার্নিয় কর্মকর্তা ও জেলা নির্বাচন কর্মকর্তা আহম্মেদ আলী। সকাল থেকেই উৎসবমূখর পরিবেশে

প্রতীক দেওয়া হয়। কাল থেকে প্রচার প্রচারণা শুরু। প্রতীক বরাদ্দের সময় রিটার্নিং কর্মকর্তা নির্বাচন কমিশনের দেওয়া আচরণবিধি যথাযথ মেনে চলতে নির্দেশনা দেন।

গাংনী পৌরসভা নির্বাচনে ৪ জন মেয়র প্রার্থী, ১০জন সংরক্ষিত মহিলাসহ ৪৯ জন কাউন্সিলর প্রার্থী তাদের প্রতীক বুঝে নেন। উল্লেখ্য, আগামী ১৬ জানুয়ারি অনুষ্ঠিত হতে যাচ্ছে গাংনীপৌরসভা নির্বাচন।

দামুড়হুদায় খাদ্যের নিরাপত্তা শীর্ষক সেমিনার

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ’র আয়োজনে দামুড়হুদায় কোভিড - ১৯ এর স্বাস্থ্য বিধি অনুসরণ করে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে খাদ্যের নিরাপত্তা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

জানা গেছে, গতকাল বেলা ১২ টার দিকে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ’র আয়োজনে ও দামুড়হুদা উপজেলা প্রশাসনের সহযোগিতায় দামুড়হুদা উপজেলা পরিষদ সভাকক্ষে খাদ্যের নিরাপত্তা শীর্ষক সেমিনার- ২০২০ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু। সেমিনারে কোভিড-১৯ এর স্বাস্থ্য বিধি অনুসরণ করে খাদ্যের ভেজাল ও দূষণ রোধকল্পে মাঠ পর্যায়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে খাদ্যের নিরাপত্তা শীর্ষক সেমিনারে ভিডিও ফুটেজ এর মাধ্যমে নিরাপদ খাদ্য উৎপাদন, রান্না, বিক্রয়, রপ্তানী, ভোক্তা অধিকার আইন ইত্যাদি বিষয়ে ডিসপ্লে প্রদর্শন করা হয়।

খাদ্যের নিরাপত্তা শীর্ষক সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মনিরুজ্জামান, সমাজসেবা অফিসার সানোয়ার

হোসেন, প্রাণী সম্পদ অফিসার ডাঃ মশিউর রহমান, উপজেলা স্বাস্থ্য পঃপঃ কর্মকর্তা ডাঃ আবু হেনা জামান মোহাম্মদ শুভ, সমবায় অফিসার হারুন অর রশিদ, দামুড়হুদা প্রেস ক্লাবের সভাপতি এম নুরুন্নবী, হাউলি ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন।

খাদ্যের নিরাপত্তা শীর্ষক অনুষ্ঠিত সেমিনারটির উপস্থাপনা করেন চুয়াডাঙ্গা জেলা খাদ্য নিরাপদ কর্তৃপক্ষের অফিসার।

দামুড়হুদায় ভ্রাম্যমাণ আদালতে জরিমানা আদায়

দামুড়হুদা উপজেলার চিৎলা হাসপাতাল মোড়ে অভিযান চালিয়ে জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত। জানা যায়, গতকাল মঙ্গলবার বিকাল ৫টার দিকে চিৎলা হাসপাতাল মোড়ে অভিযান চালায় ভ্রাম্যমাণ আদালত।

আদালত সূত্রে জানা যায়, দামুড়হুদার চিৎলা হাসপাতাল মোড়ে অভিযান চালায় ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট সুরাইয়া মমতাজ।

এসময় মুদি দোকানের ট্রেড লাইসেন্স না থাকার অপরাধে রফিকুল ইসলাম নামে এক মুদি ব্যবসায়ী কে অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন ১৯৫৬সালের ৩এর ৬ধারা মোতাবেক ৫’শ টাকা ও একই মোড়ের ৫টি ওষধের ফার্মেসীতে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখা ও ফার্মাসিস্ট সনদ না থাকার অপরাধে ঔষধ আইন ১৯৪০সালের ১৮/২৭ধারা মোতাবেক ১হাজার টাকা করে মোট ৫হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় সহযোগিতা করেন জেলা প্রশাসকের কার্যালয়ের পেসকার জহির উদ্দিন মোহাম্মদ বাবার ও দামুড়হুদা মডেল থানার এসআই কেষ তৌহিদুর রহমান তৌহিদসহ পুলিশ সদস্য বৃন্দ।

কোটচাঁদপুরে মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহের কোটচাঁদপুরে মাদক বিরোধী অভিযান চালিয়ে ফেন্সিডিলসহ সঞ্জিত (২৩) নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে কোটচাঁদপুর থানা পুলিশ।

গতকাল মঙ্গলবার বেলা ১২ টার দিকে পৌর শহরের সলেমানপুর পাল পাড়া এলাকা থেকে তাকে আটক করা হয়। আটককৃত মাদক ব্যবসায়ী যুবক ওই এলাকার বলয় বিশ্বাসের ছেলে।

কোটচাঁদপুর পৌর ফাঁড়ী ইনচার্জ আক্তারুজ্জামান লিটন জানান, গোপন সংবাদের ভিত্তিতে গতকাল মঙ্গলবার দুপুরে পৌর ফাঁড়ীর এস.আই আব্দুস সাত্তার ও এ.এস.আই ইমরুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে পৌর শহরের সলেমানপুর পাল পাড়া এলাকায় অভিযান চালিয়ে ওই যুবককে আটক করা হয়।

এসময় তার সঙ্গে থাকা একটি প্লাস্টিকের ব্যাগে তল্লাশি করে ২৪ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।

পুলিশ জানায়, আটক মাদক কারবারি যুবকের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

কোটচাঁদপুরে নৌকা প্রতীকের দাবীতে শহীদুজ্জামান সেলিমের বিক্ষোভ সামবেশ

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর নির্বাচনে নৌকা প্রতীকের দাবীতে বিক্ষোভ সমাবেশ করেছেন প্রতীক বঞ্চিত প্রার্থী ও পৌর আ.লীগের যুগ্ম-আহ্বায়ক শহীদুজ্জামান সেলিম। গতকাল মঙ্গলবার বিকালে শহরের পায়রা চত্বরে এই বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

নির্বাচনী তফসিল অনুযায়ী আগামী ৩০ জানুয়ারী কোটচাঁদপুর পৌর সভার নির্বাচন। নির্বাচনে আ.লীগের দলীয় মনোনয়ন পেতে মাঠে ছিলেন ৫ জন মনোনয়ন প্রত্যাশী। যার মধ্যে কোটচাঁদপুর উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলী, পৌর আ.লীগের যুগ্ম- আহ্বায়ক শহীদুজ্জামান সেলিম, বর্তমান পৌর মেয়র জাহিদুল ইসলাম, পৌর আ.লীগের সদস্য কাজী আলমগীর ও উপজেলা যুবলীগের সাবেক সভাপতি মীর কাশেম আলী।

গেল শনিবার আ.লীগের কেন্দ্রীয় মনোনয়ন কমিটির বোর্ড উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলীকে নৌকা প্রতীক দিয়ে দলীয় মনোনয়ন দেন। যার বিরোধীতা করে গতকাল মঙ্গলবার কোটচাঁদপুর পায়রা চত্বরে বিক্ষোভ সমাবেশের ডাক দেন মনোনয়ন বঞ্চিত প্রার্থী শহীদুজ্জামান সেলিম। সমাবেশে সেলিম বলেন, ১৫ সালের ডিসেম্বরের নির্বাচনে পরাজিত হয়েও আমি পৌর সভার মানুষের সাথেই আছি।

সে থেকে আমি মানুষের বাড়ি বাড়ি গেছি, সুখে দুঃখে তাদের পাশে ছিলাম আগামীতেও পাশে থাকব। করোনা মহারীতে আমি তাদের মুখে খাবার তুলে দেবার ব্যবস্থা করেছি। আশা করেছিলাম আসন্ন পৌরসভা নির্বাচনে বঙ্গবন্ধুর কন্যা জননেত্রী শেখ হাসিনা আমাকে মনোনয়ন দিয়ে নৌকা প্রতীকে ভোট করার সুযোগ করে দিবেন। আমি মনোনয়ন থেকে বঞ্চিত হয়েছি। তাই আমি সাংবাদিকদের মাধ্যমে প্রধান মন্ত্রীর নিকট মনোনয়ন পুনঃ বিবেচনার দাবী জানাচ্ছি।

সমাবেশে বক্তব্য রাখেন সাবেক যুবলীগ নেতা মঈনুদ্দিন শেখ হেকিম, স্বেচ্ছাসেবক লীগ নেতা প্রদীপ বিশ্বাস ও আ.লীগ নেতা শান্তি সরদার, আ.লীগ নেতা শেখ আরিফ হোসেন প্রমুখ।
এ সময় আ.লীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে টেকসই তুলা উন্নয়ন প্রকল্পে কৃষক মাঠ দিবস

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] (redacted) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]: [redacted] [redacted] [redacted] a [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

কুতুবপুর ৪নং ওয়ার্ডের ইউপি সদস্য পদপ্রার্থী আরিফ এর শোভাযাত্রা

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের ৪নং ওয়ার্ডের ইউনিয়ন পরিষদ সদস্য পদপ্রার্থী আরিফুর রহমান এর নির্বাচনী শোভাযাত্রা বের করা হয়।

গতকাল মঙ্গলবার বিকালে সাবেক মেম্বর আব্দুল আওয়াল এর নেতৃত্বে এ শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি কুতুবপুর প্রাথমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গণ থেকে বের হয়ে ৪ নং ওয়ার্ড প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়।

পরে সেখানে সংক্ষিপ্ত আকারে আলোচনা সভা করা হয়। সভায় বক্তব্য দেন, মেম্বর পদপ্রার্থী আরিফুর রহমান, কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক মনোয়ার হোসেন মজনু, ইদ্রিস আলী, তাঁতী লীগের ওয়ার্ড সভাপতি আজিল হোসেন, আইপিএম ক্লাবের সভাপতি জুয়েল রানা।

এসময় উপস্থিত ছিলেন, ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগ নেতা হামিদুল ইসলাম, তৌহিদুল ইসলাম, শাহানুল ইসলাম, আক্কাস আলী, ওহাব, তপন, জামাল এবং মোঃ ফয়সাল হোসেনসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

দামুড়হুদার মোক্তারপুরে প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত

বাংলাদেশ জাতীয় দলের তরুণ অলরাউন্ডার ইয়াসির আরাফাত মিশুর আগমনে দামুড়হুদার মোক্তারপুরে প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেল ৩ টার দিকে মোক্তারপুর ঈদগাহ মাঠে প্রীতি ক্রিকেট ম্যাচটি অনুষ্ঠিত হয়।